রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২০ সনের ১৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২, ২০২০


## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৮৫—২৮৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৮৫—২৯২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯৩—২৯৫ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলিসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
### সংস্থা শাখা
### প্রজ্ঞাপন

তারিখ : ১২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

**নংধবিম/হঃ শাঃ/৪-১৫/২০১৩-৬১**—যেহেতু, আপনি জনাব আলহাজ্ব হাফেজ মোঃ ওবায়দুল্লাহ মক্কী ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স Al-Bari Travels International. (HL-635)438, Abadin Bhaban, Sonirakhra, Sampur, Dhaka.এর স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু, আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৭ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু, আপনার এজেন্সির মাধ্যমে হাজী জনাব মোঃ আবদুস সালাম ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেন;

"২০১৭ সালে হজে যাওয়ার জন্য জনাব মোঃ আবদুর রসিদ, মোঃ আহসান আলী, জনাব মোঃ হাফিজুর রসিদকে তাদের স্ত্রীসহ আল-বারী ট্রাভেলস ইন্টারন্যাশনাল এর অধীনে প্রাক-নিবন্ধন কোটার মধ্যে থাকলেও তাদের স্ত্রীদের সিরিয়াল কোটার মধ্যে ছিল না। তাদেরকে রিপ্লেস করে হজে নেওয়ার জন্য এজেন্সির মালিক ১০,৪৫,০০০ (দশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা গ্রহণ করেন। তাদেরকে হজে নেয়া হয়নি। তিনজন পুরুষ হজযাত্রীকে তাদের অনুমতি ছাড়া রিপ্লেস করা হয়েছে। এছাড়া এজেন্সির মালিক ০২ জনের পাসপোর্ট ফেরত না দেয়ার অভিযোগ উত্থাপিত হয়েছে।" এবং

যেহেতু, উক্ত অভিযোগের বিষয়ে জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৭ অনুসারে গঠিত তদন্ত কমিটির মাধ্যমে অভিযোগকারী এবং আপনার উপস্থিতিতেই উভয় পক্ষের শুনানি গ্রহণ করে অভিযোগের বিষয়ে তদন্ত করা হয়েছে; এবং

যেহেতু, আপনার এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং


মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত।website: www.bgpress.gov.bd

যেহেতু, আপনার হজ এজেন্সির বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত শাস্তি মওকুফ/রিভিউ করার জন্য লিখিতভাবে অনুরোধ/আবেদন করেছেন এবং রিভিউ শুনানীতে উপস্থিত হয়ে আনীত অভিযোগ খন্ডন করার তথ্য/প্রমাণ দাখিল করেছেন; এবং

যেহেতু,আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডন করার মত কোনো তথ্য/প্রমাণ দাখিল করতে পারেননি এবং সার্বিক পর্যালোচনায় অভিযোগটি প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, উল্লিখিত কারণে জাতীয় হজ ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান; এবং

সেহেতু, রিভিউ কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ এর (ছ) অনুযায়ী আপনার পরিচালিত Al-Bari Travels International. (HL-635). এজেন্সিকে ইতোপূর্বে প্রদত্ত হজ লাইসেন্স বাতিল ও ১০ (দশ) লক্ষ টাকা জরিমানার শাস্তি বহাল রাখা হলো। এছাড়া এ এজেন্সির গ্রুপ লিডার মাওলানা মোঃ আবদুস সালাম যেন ভবিষ্যতে হজ কার্যক্রমের সাথে জড়িত না হতে পারে সে জন্য হাব কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং এজেন্সির মালিক ও গ্রুপ লিডার মাওলানা মোঃ আবদুস সালাম এর বিরুদ্ধে সংশ্লিষ্ট আদালতে মামলা দায়ের করার জন্য হজযাত্রীদের পরামর্শ দেয়া হলো।

**আবুল কাশেম মুহাম্মদ শাহীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**[ একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত ]**
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**উন্নয়ন-৩ অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ : ২৮ আশ্বিন ১৪২৬/১৩ অক্টোবর ২০১৯

নং **৩৭.০০.০০০০.০৮৩.১৫.০০৭.১৬-৫০১**—শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে নিম্নবর্ণিত ০৪টি সার্কেল অফিস (তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়) এবং ৩৮টি জোনের পরিবর্তে ৬৪টি জেলায় ০১টি করে ও ঢাকা মেট্রোতে ০১টিসহ মোট ৬৫টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এবং ঢাকা মেট্রোপলিটন এলাকায় ০৫টি ও উপজেলা পর্যায়ে ৪৮৯টিসহ মোট ৪৯৪টি উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয় স্থাপন করতে সরকার সম্মত হয়েছে :

**ক. সার্কেল অফিস (তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়) :**

| ক্র.নং | কার্যালয়ের নাম | আওতাভুক্ত এলাকা |
|---|---|---|
| ১. | বরিশাল সার্কেল অফিস | বরিশাল, ঝালকাঠি, ভোলা, পটুয়াখালী, পিরোজপুর ও বরগুণা জেলা। |
| ২. | সিলেট সার্কেল অফিস | সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলা। |
| ৩. | রংপুর সার্কেল অফিস | রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর ও নীলফামারী জেলা। |
| ৪. | ময়মনসিংহ সার্কেল অফিস | ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোণা জেলা। |

**খ. নির্বাহী প্রকৌশলীর কার্যালয় :**

| ক্র.নং | কার্যালয়ের নাম | আওতাভুক্ত এলাকা |
|---|---|---|
| ১. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়,ঢাকা মেট্রো | ঢাকা মহানগরী |
| ২. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা | ঢাকা জেলা |
| ৩. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মানিকগঞ্জ | মানিকগঞ্জ জেলা |
| ৪. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ জেলা |
| ৫. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মুন্সিগঞ্জ | মুন্সিগঞ্জ জেলা |
| ৬. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নরসিংদী | নরসিংদী জেলা |
| ৭. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গাজীপুর | গাজীপুর জেলা |
| ৮. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, টাঙ্গাইল | টাঙ্গাইল জেলা |
| ৯. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জামালপুর | জামালপুর জেলা |
| ১০. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শেরপুর | শেরপুর জেলা |
| ১১. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ময়মনসিংহ | ময়মনসিংহ জেলা |
| ১২. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ জেলা |
| ১৩. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নেত্রকোণা | নেত্রকোণা জেলা |
| ১৪. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ফরিদপুর | ফরিদপুর জেলা |
| ১৫. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাজবাড়ী | রাজবাড়ী জেলা |
| ১৬. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মাদারীপুর | মাদারীপুর জেলা |
| ১৭. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শরীয়তপুর | শরীয়তপুর জেলা |
| ১৮. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গোপালগঞ্জ | গোপালগঞ্জ জেলা |
| ১৯. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নড়াইল | নড়াইল জেলা |
| ২০. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, খুলনা | খুলনা জেলা |
| ২১. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সাতক্ষীরা | সাতক্ষীরা জেলা |
| ২২. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাগেরহাট | বাগেরহাট জেলা |
| ২৩. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বরিশাল | বরিশাল জেলা |
| ২৪. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঝালকাঠি | ঝালকাঠি জেলা |
| ২৫. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ভোলা | ভোলা জেলা |
| ২৬. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, পটুয়াখালী | পটুয়াখালী জেলা |
| ২৭. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বরগুণা | বরগুণা জেলা |
| ২৮. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, পিরোজপুর | পিরোজপুর জেলা |
| ২৯. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, যশোর | যশোর জেলা |
| ৩০. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঝিনাইদহ | ঝিনাইদহ জেলা |
| ৩১. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মাগুরা | মাগুরা জেলা |
| ৩২. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুষ্টিয়া | কুষ্টিয়া জেলা |
| ৩৩. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা জেলা |
| ৩৪. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মেহেরপুর | মেহেরপুর জেলা |
| ৩৫. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাজশাহী | রাজশাহী জেলা |
| ৩৬. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ জেলা |
| ৩৭. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নওগাঁ | নওগাঁ জেলা |
| ৩৮. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জয়পুরহাট | জয়পুরহাট জেলা |

| ক্র.নং | কার্যালয়ের নাম | আওতাভুক্ত এলাকা |
|---|---|---|
| ৩৯. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, পাবনা | পাবনা জেলা |
| ৪০. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নাটোর | নাটোর জেলা |
| ৪১. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বগুড়া | বগুড়া জেলা |
| ২. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ জেলা |
| ৪৩. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রংপুর | রংপুর জেলা |
| ৪৪. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গাইবান্ধা | গাইবান্ধা জেলা |
| ৪৫. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুড়িগ্রাম | কুড়িগ্রাম জেলা |
| ৪৬. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, লালমনিরহাট | লালমনিরহাট জেলা |
| ৪৭. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, দিনাজপুর | দিনাজপুর জেলা |
| ৪৮. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নীলফামারী | নীলফামারী জেলা |
| ৪৯. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, পঞ্চগড় | পঞ্চগড় জেলা |
| ৫০. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও জেলা |
| ৫১. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কক্সবাজার | কক্সবাজার জেলা |
| ৫২. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বান্দরবান | বান্দরবান জেলা |
| ৫৩. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চট্টগ্রাম | চট্টগ্রাম জেলা |
| ৫৪. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাঙ্গামাটি | রাঙ্গামাটি জেলা |
| ৫৫. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, খাগড়াছড়ি | খাগড়াছড়ি জেলা |
| ৫৬. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নোয়াখালী | নোয়াখালী জেলা |
| ৫৭. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ফেনী | ফেনী জেলা |
| ৫৮. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা | কুমিল্লা জেলা |
| ৫৯. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া জেলা |
| ৬০. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চাঁদপুর | চাঁদপুর জেলা |
| ৬১. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর জেলা |
| ৬২. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সিলেট | সিলেট জেলা |
| ৬৩. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সুনামগঞ্জ | সুনামগঞ্জ জেলা |
| ৬৪. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মৌলভীবাজার | মৌলভীবাজার জেলা |
| ৬৫. | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, হবিগঞ্জ | হবিগঞ্জ জেলা |

**গ. উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয় :**

১. উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয় (উপজেলা পর্যায়ে)-সমগ্র দেশের ৪৮৯ টি উপজেলায় ০১টি করে মোট ৪৮৯ টি কার্যালয়।

২. উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয় (ঢাকা মেট্রোপলিটন থানা এলাকা)-মতিঝিল, সূত্রাপুর, ধানমন্ডি, গলশান ও মিরপুর থানা, প্রতিটি থানায় ০১টি করে মোট ০৫টি কার্যালয়।

২.০ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০৩৬.০৮(অংশ-২)-১৫০ নং স্মারক এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৫ জুন, ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.০১৫.১৪.১৯-২৯৮ নং স্মারকের সম্মতিক্রমে এ আদেশ জারি করা হলো।

৩.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দা নওয়ারা জাহান**
উপসচিব।

## শিল্প মন্ত্রণালয়
## পরিকল্পনা-০১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৬ মাঘ, ১৪২৬ বঃ/৩০ জানুয়ারি, ২০২০ খ্রিঃ

নং **৩৬.০০.০০০০.০৮২.১৪.০৬১.১৩(খণ্ড-৪)/২৭**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক বাস্তবায়নাধীন 'ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প (জিপিইউএফপি)'-শীর্ষক প্রকল্পের জন্য Foreing Consultant নিয়োগের নিমিত্ত আহবানকৃত Eol মূল্যায়নের জন্য নিম্নোক্তভাবে Proposal Evaluation Committee (PEC) পুনর্গঠন করা হলো :

**<u>কমিটির সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>**

**আহ্বায়ক**

১। জনাব মোঃ লুৎফর রহমান, এফ. সি. এম. এ.,পরিচালক (পরি. ও বাস্ত.), বিসিআইসি।

**সদস্যবৃন্দ**

২। জনাব ডাঃ মোঃ আখতারুজ্জামান, যুগ্ম প্রধান, শিল্প মন্ত্রণালয়।

৩। জনাব গোপীনাথ বণিক, পরিচালক (কারি. ও প্রকৌ.), বিসিআইসি।

৪। জনাব ড. মোঃ তোফায়েল আহমেদ চৌধুরী, অধ্যাপক, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৫। জনাব এজাজ হোসেন, অধ্যাপক, কেমিক্যাল বিভাগ, বুয়েট।

৬। জনাব মোঃ আব্দুল ওয়াহহাব, অতিঃ প্রধান প্রকৌশলী, জিপিইউএফপি।

**সদস্য-সচিব**

৭। জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক, প্রকল্প পরিচালক,জিপিইউএফপি।

**কমিটির কার্যপরিধি :**

Foreing Consultant নিয়োগের নিমিত্ত আহবানকৃত Eol সমূহ যথাযথ প্রক্রিয়ায় মূল্যায়ন করবে।

নং **৩৬.০০.০০০০.০৮২.১৪.০৬১.১৩(খণ্ড-৪)/২৮**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক বাস্তবায়নাধীন 'ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প (জিপিইউএফপি)'-শীর্ষক প্রকল্পের Local Consultant নিয়োগের নিমিত্ত আহবানকৃত Eol/RFP মূল্যায়নের জন্য নিম্নোক্তভাবে Proposal Evaluation Committee (PEC) পুনর্গঠন করা হলো :

**<u>কমিটির সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>**

**আহ্বায়ক**

১। জনাব মোঃ লুৎফর রহমান, এফ. সি. এম. এ.,পরিচালক (পরি. ও বাস্ত.), বিসিআইসি) ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। জনাব ডাঃ মোঃ আখতারুজ্জামান, যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়।

৩। জনাব ড. তোফায়েল আহমেদ চৌধুরী, অধ্যাপক, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৪। জনাব এজাজ হোসেন, অধ্যাপক, কেমিকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

৫। জনাব প্রকৌশলী গোপীনাথ বণিক, পরিচালক (কারি. ও প্রকৌ.), বিসিআইসি ঢাকা।

৬। জনাব মোঃ আব্দুল ওয়াহহাব, অতিঃ প্রধান প্রকৌশলী, জিপিইউএফপি।

**সদস্য-সচিব**

৭। জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক, প্রকল্প পরিচালক,জিপিইউএফপি।

**মূল্যায়ন কমিটির কার্যপরিধি :**

ক) EoI প্রস্তাবসমূহ পিপিএ-২০০৬ও পিপিআর-২০০৮ অনুসারে যাচাই-বাছাই করে সংক্ষিপ্ত তালিকা সম্বলিত প্রতিবেদন চেয়ারম্যান, বিসিআইসি বরাবর পেশ করবে; এবং

খ) EoI মূল্যায়নের মাধ্যমে তালিকাভুক্ত দরদাতা প্রতিষ্ঠানের কাছ থেকে প্রাপ্ত RFP প্রস্তাবসমূহ পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসারে যাচাই-বাছাই, পরীক্ষা এবং মূল্যায়ন করে সুপারিশ সম্বলিত প্রতিবেদন চেয়ারম্যান, বিসিআইসি বরাবর পেশ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**
উপ-প্রধান (চ.দা.)।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২০ জানুয়ারি ২০২০

নং**৪৫.১৫০.০২৭.০১.০০.০০৮.২০২০-৫৮**—যেহেতু, ডাঃ এ. এইচ. এম. নূরুল ইসলাম খান (১০৯৮৭৭), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুরকে দুদক, ফরিদপুরের জি আর নং-০৪/১৯ মামলায় গত ১২-০১-২০২০ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক জামিন নামঞ্জুর করে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়;

যেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ এ. এইচ. এম. নূরুল ইসলাম খান (১০৯৮৭৭), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর-কে বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ১২-০১-২০২০ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৮-৬২**—যেহেতু, ডাঃ গণপতি বিশ্বাস (৪৫৭৬৩), সহযোগী অধ্যাপক, ডেন্টিষ্ট্রি, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুরকে দুদক,ফরিদপুরের জি আর নং-০৪/১৯ মামলায় গত ১২-০১-২০২০ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক জামিন নামঞ্জুর করে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়;

যেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ গণপতি বিশ্বাস (৪৫৭৬৩), সহযোগী অধ্যাপক, ডেন্টিষ্ট্রি, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুরকে বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ১২-০১-২০২০ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।